97

দৈনিক সংবাদ

তারিখ 02 JUN 19[illegible]
পৃষ্ঠা 7 কলাম 8

ঢাঃ বিঃ ছাত্রলীগ

# 'আশ্রয়হীন' ও 'বহিরাগত' নিয়ে নানা দ্বন্দ্ব

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

বাংলাদেশ ছাত্রলীগের (শা-পা) দু'টি গ্রুপের ১০ জন নেতাকর্মীকে বহিষ্কারের ঘটনাকে কেন্দ্র করে সংগঠনের মধ্যে

ছাত্রলীগ ঃ পৃঃ ১১ কঃ ৮

## ছাত্রলীগ ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পৃষ্ঠার পর)

নাটকীয়তা চলছে।

সন্ত্রাসী কর্মকাণ্ডের অভিযোগে গত ২১শে মে দু'গ্রুপ থেকে ৫ জন করে ১০ জন নেতাকর্মীকে বহিষ্কার করা হয়। দু'গ্রুপের একটি গ্রুপ ''আশ্রয়হীন'', অপরটি 'বহিরাগত' গ্রুপ হিসেবে পরিচিত। ক্যাম্পাস সূত্রে জানা গেছে, বহিরাগত গ্রুপটি এককভাবে দোষী হলেও শাস্তি ভোগ করে দু'টি গ্রুপের নেতাকর্মীরাই।

'বহিরাগত' গ্রুপের কর্মীরা গত ১৯শে মে রাতে 'আশ্রয়হীন' গ্রুপের নেতাকর্মীদের মারধর করে অস্ত্রের মুখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ হল থেকে বের করে দেয়। এর সূত্র ধরে গত ২১শে মে আবার মধুর ক্যান্টিনে সংঘর্ষ হয়। জানা গেছে, 'বহিরাগত' গ্রুপটি এ ঘটনার জন্য এককভাবে দায়ী। কিন্তু তাদের পেছনে সংগঠনের শীর্ষ পর্যায়ের এক নেতা রয়েছেন বলে তিনি তাদের প্রশ্রয় দিচ্ছেন। বহিরাগত এ গ্রুপটি অন্যায় করলেও সে অন্যায়ের দায়ভার ''আশ্রয়হীন'' গ্রুপটির উপরও চাপিয়ে দেয়া হয়। এজন্য গত ২১শে মে দু'গ্রুপ থেকে ৫ জন করে ১০ জন নেতা কর্মীকে বহিষ্কার করা হয়। অবশ্য গতকাল আবার তাদের বহিষ্কারাদেশ প্রত্যাহার করা হয়েছে বলে সংগঠন সূত্রে জানা গেছে।

একবার বহিষ্কার আবার ১২ দিনের মাথায় বহিষ্কারাদেশ প্রত্যাহার এ ঘটনাকে নাটক আখ্যা দিয়েছেন সংগঠনের নেতাকর্মীরা। তারা এ ঘটনায় ছাত্রলীগের এই শীর্ষ নেতার প্রতি ক্ষোভ প্রকাশ করছে।